

১৯.হে স্বাধীনতা

হে স্বাধীনতা..

তুমি বাংলার আকাশে চির নব অরুনদয়

আধাঁরের পথে তোমার উদয়ে

সবুজ বাংলা হলো জ্যোতির্ময়।

একাওরে রক্ত পাথার সাঁতরিয়ে

পেলাম মোরা তোমারে,

এলে তুমি শত-সহস্র

মুক্তিযুদ্ধের অশ্রুঝরে।

হে স্বাধীনতা..

তুমি বঙ্গমায়ের অশ্রুঝরা শ্যামল হাসি,

চিরদিন প্রতি বাঙালি তাই

তোমায় এত ভালবাসি।

দীর্ঘ নয়মাস যুদ্ধ করে

মোদের মুক্তিসেনার দল,

তোমায় এনেছে বিজয় মাণ্ড্য

ত্রিশ লক্ষ শহীদের অশ্রুশতদল।

হে স্বাধীনতা..

সকল দুঃখ ঘুচে যায়

তোমার পতাকা তলে এলে,
ছেলেহারা মায়ের আনন্দ আসে
দীঘিতে ফুটা শাপলা ফুল-দলে।
নদীর কলতানে, পাখির গানে
কৃষক-কৃষানীর মনে,
তোমার বিজয়ের গাঁথামালা রচে কবি নিরজনে।